

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৯১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. প্রথম অনুচ্ছেদ - রাতের সালাত

بَابُ صَلَاةِ اللَّيْلِ

আরবী

وَعَنْهَا قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي مِنَ اللَّيْلِ ثَلَاثَ عَشْرَةَ رَكْعَةً مِنْهَا الْوتر وركعتا الْفجْر. رَوَاهُ مُسلم

বাংলা

১১৯১-[8] 'আয়িশাহ্ (রাঃ) থেকে এ হাদীসটি বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম রাত্রে তের রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন। এর মাঝে বিতর ও ফাজ্রের (ফজরের) সুন্নাত দু' রাক্'আতের অন্তর্ভুক্ত ছিল। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১১৪০, মুসলিম ৭৩৭; শব্দবিন্যাস মুসলিমের।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (تَلَاثَ عَشْرَةَ رَكْعَةً) নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে ফাজরের (ফজরের) সুন্নাত ও বিতরসহ সর্বমোট তের রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন। এটা ছিল তার অধিকাংশ সময়ের 'আমলের বর্ণনা। নচেৎ এর কম বা বেশি আদায় করার কথাও সহীহ হাদীস দ্বারা সাব্যস্ত আছে। এ হাদীস বিতর ও ফাজরের (ফজরের) দুই রাক্'আত তাহাজ্জুদের সাথে উল্লেখ করার কারণ এই যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে বিতর আদায় করার পর ফাজর (ফজর) পর্যন্ত জাগ্রত থাকতেন এবং তাহাজ্জুদ ও বিতর আদায় করার অব্যাহতির পরেই ফাজরের (ফজরের) সুন্নাত আদায় করতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন